

জন্মদিনের শুভেচ্ছা সহ



লেখকঃ কৌশিক দত্ত
 যোগাযোগঃ kausik.datta@gmail.com
 পরিচিতিঃ কৌশিক আপাদমস্তক কলকাতার বাঙ্গালী। কর্মসূত্রে বহুদিন আমেরিকায়, আপাতত Baltimore-এ Johns Hopkins University-তে immunology নিয়ে গবেষণারত; কাজের ফাঁকে আকস্মিক ভাবেই কখনো কৌশিককে কবিতায় পায়।

কেটে গেল

একটা বছর – ফিরে এল
 সে জন্মদিন !

আনন্দদিন,

কোথাও তবু সংশয় ক্ষীণ –
 বাড়ছে বয়স ? দূরু দূরু
 বুকের মধ্যে ?

হলো শুরু

নতুন বছর – সামনে তোমার
 দিলো খুলে নতুন দুয়ার,
 জীবন আর এক। যাও এগিয়ে,
 ঘুরে ফিরে সময় নিয়ে
 দেখ খুঁজে। পেতেই পারো
 চার আনা, বা – ভালো আরো –
 পরশপাথর ! তারই ছোঁওয়ায়
 জীবন কতই পাল্টিয়ে যায় –
 নাম জানো তার?

অভিজ্ঞতা !

জীবন যুদ্ধে লড়ার কথা
 সেই তো শেখায়।

তোমায় চেয়ে

রাত্রিশেষে ব্রাহ্মকালে – এল মনে, বলি তাই,
কোন মতে, কোন ক্ষণে, কোন ভাবে তোমায় চাই !

কখনো বা দূরে থেকে, কখনো বা পাশে এসে
দেখে কিম্বা না দেখে, বুঝা-অবুঝের শেষে
কখনো বা আড়ি-ভাবে, কান্নাহাসি দোলাচলে
প্রাচুর্য্যে, অভাবে, নৈঃশব্দে, কোলাহলে
কখনো প্রবল ঝড়ে, কখনো বা শান্তিতে
নিত্য কাজের ভিড়ে, হয়তো বা ক্লান্তিতে
প্রভাতের স্তবগানে, দিবসের গৌরবে
সন্ধ্যার করুণতানে, রাত্রির সৌরভে
দুঃখ-গরল জ্বালায়, সুখ-অমৃতের স্বাদে
মুক্ত আলোর খেলায়, অন্ধকারের ফাঁদে
নৃত্যে ও ভঙ্গিতে, ষড়্ধাতু উৎসবে
কাব্যে বা সঙ্গীতে, আকৃতি ও অনুভবে
শুভ্র গিরিচূড়া হতে, সুনীল সমুদ্রতটে
রঙের খেলায় মেতে, জীবনের প্রেক্ষাপটে
চেনা অচেনার মাঝে, সেই পুরনোকে চিনে
অচেনা নতুন সাজে, চেনা প্রতিফলনে

আমার এই পথচলা, হবে তুমি সঙ্গী তার;
হাতে হাত ফেলবো পা – ভালবাসার অঙ্গীকার।